

# ষষ্ঠী

প্রিন্ট: ২৩ নভেম্বর ২০২৫, ০১:৪৫ পিএম

ক্যাম্পাস

## ভূমিকম্প আতঙ্ক: রোববার জবির ক্লাশ-পরীক্ষা বন্ধ ঘোষণা



জবি প্রতিনিধি

প্রকাশ: ২২ নভেম্বর ২০২৫, ১১:০২ পিএম



ফাইল ছবি

ভূমিকম্পের কারণে আতঙ্কিত ও ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের পরিস্থিতি বিবেচনা করে রোববার (২৩ নভেম্বর) সব ধরনের ক্লাশ ও পরীক্ষা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)। তবে জকসু কার্যক্রম চলবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম।

শনিবার (২২ নভেম্বর) রাজধানীতে দুইবার ভূমিকম্প অনুভূত হওয়ার পর শিক্ষার্থীরা আতঙ্কিত হলে বিশ্ববিদ্যালয় প্রশাসন এই সিদ্ধান্ত নেয়।

উপাচার্য বলেন, রাজধানীতে বারবার ভূমিকম্প হওয়াতে শিক্ষার্থীসহ সবার মধ্যে আতঙ্ক বিরাজ করছে। ফলে আমরা ক্লাশ পরীক্ষা রোববার বন্ধ রাখছি। তবে জকসুর নির্বাচনি কার্যক্রম চলমান থাকবে। সংশ্লিষ্টদের জানিয়ে দিয়েছি।

উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল কার্যক্রম স্বাভাবিকভাবে চলবে। শিক্ষার্থীদের পরিবহণ বন্ধ থাকবে। শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বাস যথারীতি চালু থাকবে। জকসু নির্বাচনের সব কার্যক্রমও পূর্বনির্ধারিতভাবেই চলবে। স্থগিতকৃত পরীক্ষাগুলোর নতুন সময়সূচি সংশ্লিষ্ট বিভাগ যথাসময়ে ঘোষণা করবে।

এদিকে ক্লাশ পরীক্ষা বন্ধের ঘোষণা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের অফিশিয়াল ফেসবুক পেজে এক জরুরি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।